# বাকেরগঞ্জ উপজেলা পরিষদের অক্টোবর ২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোহাম্মদ শামসুল আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ, বরিশাল।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ ঃ ০৮ অক্টোবর ২০২০

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যদের হাজিরা রেজিষ্ট্রারে সংরক্ষিত।**

সভার প্রারম্ভে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভায় জানান যে, কোভিড-১৯ করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে বেশ কিছুদিন হাসপাতালে এবং বাসায় চিকিৎসাধীন ছিলাম এখন আল্লাহর অসীম রহমতে এবং আপনাদের এবং জনগণের দোয়ায় সুস্থ হয়ে আপনাদের মাঝে ফিরে এসেছি। সভাপতি মহোদয় করোনা ভাইরাস থেকে সুস্থ হয়ে উপজেলা পরিষদের সভায় যোগদান করায় সকল কর্মকর্তা-কর্মচারী এবং ইউপি চেয়ারম্যানসহ উপজেলা পরিষদের সকল সদস্য তাঁকে ফুলের শুভেচ্ছা দিয়ে বরণ করেন । অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, করোনায় মৃত্যের সংখ্যা কমে আসছে। শীতে ২য় ধাপে বাড়তে পারে।<br>সভাপতি জানান যে, করোনার এখন পর্যন্ত কোন ঔষধ নেই। টেলিমেডিসিন কাজ করে। বয়সের কারনে করোনায় আক্রান্ত হয় বেশী। | সভায় বিস্তারিত আলোচনান্তে সামাজিক দূরত্ব বজায় রেখে রেখে কাজ করার জন্য জনসাধরণকে সচেতন থাকার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের-কে অনুরোধ জানানো হয়। |
| ২। কৃষি বিভাগ | ০১। সভাপতি জানান যে, আমাদের এলাকায় শুধু আমন ধানের চাষ হয়। যে ধানের বীজ রোপন করা হয় সে সকল ধানের ফলন কম। উন্নত ধানের বীজ রোপন করলে বেশী ফলন পেতে পারি। সে লক্ষ্যে ব্রীজ-২৩, ব্রীজ-৫২ জাতের ধানের বীজ রোপন করা যায়। সে ক্ষেত্রে উপজেলা থেকে ২৩০০০ কেজি বীজ ক্রয় করে কৃষকদের মাঝে বিতরণ করা যেতে পারে।<br>০২। উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, কৃষকের ব্যবস্থাপনা ভালোনা। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেষনা অনুযায়ী কোন জমি খালি রাখা যাবে না। বাড়ীর আঙ্গিনায় ও শাক-সবজীর চাষ করতে হবে। | ০১। বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের তহবিল হতে উন্নত মানের ব্রীজ ২৩, ব্রীজ ৫২ জাতের ধানের ২৩০০০ কেজি বীজ ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। জনগণকে কোন জায়গা খালি না রাখার নির্দেশনা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যান দের কে অনুরোধ জানান। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | ০১। উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, বিদেশ থেকে যারা এসেছে তারা পোল্ট্রি ফার্ম করার জন্য প্রনোদনা দেয়া হবে। খামারী লোনের জন্য আবেদন করতে পারবে।<br>০২। চেয়ারম্যান ভরপাশা সভায় জানান যে, যারা খামারীদের তালিকা করে তারা আমাদের অবহিত না করেই তালিকা করে । | ০১। সভায় বিস্তারিত আলোচনান্তে বিদেশ থেকে যারা এসেছে তাদের মধ্যে যদি কেহ পোল্ট্রি ফার্ম করার আগ্রহী থাকে তারা যেন প্রনীসম্পদ কার্যালয়ে মাধ্যমে ব্যাংকে আবেদন করেন এ বিষয়ে সকলকে অবহিত করার জন্য সকল চেয়ারম্যানদের অনুরোধ জানান।<br>০২। যারা খামারীদের তালিকা করে তারা যেন সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাদের অবহিত করে তালিকা করা হয় সে বিষয়ে প্রানি সম্পদ অফিসারকে নির্দেশনা প্রদানের অনুরোধ জানান। |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, মা ইলিশ রক্ষায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান গণ যথেষ্ট সহোযোগীতা করেছেন। শর্ষী, নিয়ামতি, পান্ডপ, তুলাতলী ও কারখানা নদীতে অবৈধভাবে জেলেদের মাছ ধরার | ০১। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিষিদ্ধ সময় পর্যন্ত সকল ইউপি চেয়রম্যানদের সহযোগীতা করার জন্য অনুরোধ জানান। মৎস্য |

| | | |
|---|---|---|
| | প্রবনতা বেশী । লক্ষী পাশা এলাকায় অভিজানের সময় ট্রলারে ইট পাটকেল নিক্ষেপ করেছে। অভিযানে যে পরিমান অর্থ বরাদ্ধ দেয়া হয় তা খুবই অপ্রতুল তাই উপজেলা পরিষদের তহবিল হতে অর্থ বরাদ্ধ প্রদানের জন্য অনুরোধ জানাচ্ছি।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জেলেরা সংক্ষুব্দ হচ্ছে। মৌশুমী জেলেরা এর সুযোগ নিচ্ছে কোন ইউপি চেয়ারম্যান ইউপি সদস্য যদি সহযোগিতা করে তা হলে লিখিত ভাবে অবহিত করার জন্য অনুরোধ করেন। নারাঙ্গল নামক স্থানটি খুবই স্পর্শ কাতর। উপজেলা মৎস্য অফিসারকে আক্রমন করা হয়েছে।<br>সভাপতি দুর্গাপাশা, ফরিদপুর , কবাই ,ভরপাশা ,নলুয়া, কলসকাঠী ও নিয়ামতি ইউনিয়নের চেয়ারম্যানদের অভিযানে সহযোগীতা করার জন্য অনুরোধ জানান। | অবিজানের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদের তহবিল হতে ৫০,০০০/- টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৫। প্রকৌশল বিভাগ | ০১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের নতুন ভবন স্থান পুনঃনির্ধারণ করা প্রয়োজন ।অর্থ সাশ্রয় হয়।<br>এমতাবস্থায় নতুন ভবন এর জন্য জায়গা নির্বাচন করা দরকার<br>০২। উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, বাকেরগঞ্জ উপজেলাধীন ১৪১ অতি জনগুরত্বপূর্ণ সড়ক রয়েছে কিন্তু গেজেটে আইডিভূক্ত না হওয়ায় এল জি ই ডি হতে পাকা করণের প্রস্তাব প্রেরণ করা যাচ্ছে না। এ রুপ ১৪১ টি সড়ক আইডি ভূক্ত করণের জন্য প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। য পরিশিষ্ট “খ” সংযুক্ত। ০১ হতে ক্রমিক নং ০৬ যাহা প্রস্তাবিত আইডি নং ক্রমান্বয়ে ৫০৬০৭৪২৬৬ হতে ৫০৬০৭৪২৭১ পর্যন্ত Village road type A এবং ক্রমিক নং ০৭ হতে ক্রমিক নং ১৪১ যাহার প্রস্তাবিত আইডি নং ৫০৬০৭৫৫৮৩ পর্যন্ত Village road type B হিসেবে অনুমোদন করা যেতে পারে। | ০১। নতুন ভবন এর জায়গা নির্বাচন এর বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মূল ভবনের পিছনে পূর্বদিকে স্থান নিধারনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। এ বিষয় বিস্তারিত আলোচনান্তে পরিশিষ্ট “ খ“ তে সংযুক্ত ০১ হতে ক্রমিক নং ০৬ যাহা প্রস্তাবিত আইডি নং ক্রমান্বয়ে ৫০৬০৭৪২৬৬ হতে ৫০৬০৭৪২৭১ পর্যন্ত Village road type A এবং ক্রমিক নং ০৭ হতে ক্রমিক নং ১৪১ যাহার প্রস্তাবিত আইডি নং ৫০৬০৭৫৫৮৩ পর্যন্ত Village road type B সর্বসম্মত অনুমোদন করা হয়। এবং যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী-কে অনুরোধ করা হয়। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার এর প্রতিনিধি সভায় জানান যেদাপ্তরিক কাজ সাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । , | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা-কে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয় । |
| ৭। সমাজসেবা বিভাগ | ০১। উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, পাদ্রিশিবপুর ও নিয়ামতি ইউনিয়নের বিভিন্ন ভাতা এম আই এস করণের অগ্রগতি ভালোনা।<br>০২। চেয়ারম্যান দুধল ইউপি সভায় জানান যে, পূর্বে অনেকে বিভিন্ন ভাতা জন্ম নিবন্ধন দ্বারা করেছে যার জন্য এম আই এস করা যাচ্ছে না । | ০১। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পাদ্রিশিবপুর ও নিয়ামতি ইউপি চেয়ারম্যানদের কে এম আই এস এর অগ্রগতি তরান্বিত করার জন্য অনুরোধ জানানো হয়।<br>০২।পূর্বে যেসকল ভাতাভোগী জন্ম নিবন্ধন দিয়ে ভাতা উত্তোলন করেছে তাদের ভাতা আপাতত স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৮। মাধ্যমিক শিক্ষা বিভাগ | ০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, জানুয়ারী/২০২১ এর পূর্বে শিক্ষা প্রতিষ্ঠান খোলার সম্ভাবনা খুবই কম। | ০১। এ বিষয়ে আলোচনান্তে মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনলাইনের মাধ্যমে পাঠদানের বিষয়ে সার্বক্ষনিক তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়। |
| ৯। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই ।<br>মেয়র বাকেরগঞ্জ পৌর সভা সভায় সহকারী উপজেল শিক্ষা অফিসারদের ক্লাস্টার পরিবর্তন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। | দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| ১০। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ সাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । | দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। |
| ১০। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১ নভেম্বর জাতীয় যুব দিবস পালিত হবে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | এ বিষয়ে আলোচনান্তে ১ নভেম্বর সকলকে উপস্থিত থাকার অনুরোধ জানান। |
| ১১। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা কার্যক্রম ২০২০-২০২১ অর্থ বছরে প্রতি ইউনিয়নে ৬০ জন ভাতাভোগী নির্বাচনপূর্বক ২৭-১০-২০২০ খ্রি. তারিখের মধ্যে তালিকা ও আবেদনপত্র চেয়ে সংশ্লিষ্ট চেয়ারম্যানে রবরাবরে পত্রদেয়া হয়েছে। অদ্য পর্যন্ত মাত্র ০৪টি ইউনিয়ন চরামদ্দি,চরাদি, দাড়িয়াল,ফরিদপুর থেকে তালিকা পাওয়া গিয়াছে। বরাদ্দপত্রের নির্দেশনা মোতাবেক ৩১-১০-২০২০ খ্রি. তারিখের মধ্যে ভাতাভোগী নির্বাচন কাজ চুড়ান্ত করার নির্দেশনা রয়েছে এবং ০১-১১-২০২০ হতে ৩০-১১-২০২০ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে এমআইএস এ ডাটা এন্ট্রিও কাজ শেষ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে ডাটা এন্ট্রিও কাজ শেষ করতে না পারলে ভাতাভোগী পরবর্তীতে ভাতা পাওয়া থেকে বঞ্চিত হবে এবং ডাটাএন্ট্রিও সুযোগ থাকবেনা। যে সকল ইউনিয়ন থেকে তালিকা পাওয়া যায়নি সেসকল ইউনিয়ন হতে দ্রুত তালিকা ও আবেদন জমা প্রদানপূর্বক অনলাইন, ব্যাংক, বিকাশ, রকেট হিসাব খুলে ডাটাএন্ট্রিও কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।<br><br>ভিজিডি কার্যক্রম:<br>২০২১-২০২২ ভিজিডি চক্রের নতুন উপকারভোগী নির্বাচনের জন্য মাঠপর্যায়ে ব্যাপক প্রচারের মাধ্যমে অনলাইনে আবেদন করার কাজ চলছে। অনলাইনে আবেদনের সময়সীমা ১০-১১-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করেছে। নির্ধারিত তারিখের মধ্যে দ্বিগুন সংখ্যক আবেদন অনলাইনস্থ করার জন্য চেয়ারম্যনদেরকে সভায় অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | এ বিষয়ে আলোচনান্তে মাতৃত্বকালীন ভাতা প্রাপ্যদের তালিকা আগামী ২৭/১০/২০২০খ্রিঃ তারিখের মধ্যে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ জানান।<br><br>২০২১-২০২২ ভিজিডি চক্রের নতুন উপকারভোগী নির্বাচনের জন্য মাঠপর্যায়ে ব্যাপক প্রচারের মাধ্যমে অনলাইনে আবেদন করার কাজ চলছে। অনলাইনে আবেদনের সময়সীমা ১০-১১-২০২০ খ্রি. তারিখের মধ্যে দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হয়। |
| ১২। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, টি. আর তালিকা জেলায় প্রেরণ করা হয়েছে। কাবিখার এর পরিবর্তে কাবিটার বরাদ্দ আসবে বলে মৌখিকভাবে জানা যায়। কাবিটার বরাদ্দ আসলে পাকা প্রকল্প দেয়ার জন্য ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ জানান।<br>চেয়ারম্যানরা সভায় জানান এলাকায় মাটির কাজ করা দরকার।<br>০২। তিনি আরো জানান যে, ইজিপিপি'র কাজ কত তারিখ থেকে শুরু করা যায়। যেহেতু এখন পর্যন্ত ৩০ শে নভেম্বর ডেট লাইন দেয়া আছে। তাই দ্রুত কাজ শুরু করা দরকার। চেয়ারম্যানগণ জানান এতদিন ক্ষেতে ধান ও পানি থাকায় কাজ শুরু করা যাচ্ছে না। ৩১ অক্টোবর, ২০২০ থেকে কাজ শুরু করা যেতে পারে।<br>নন-ওয়েজ প্রকল্পের তালিকা দ্রুত দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করেন।<br>০৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, মুজিব বর্ষে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মানের লক্ষে ভূমিহীনদের তালিকাসহ উচু খাস জমি চিহ্নিত করণ এবং গৃহহীনদের জায়গা যদি মাটি ভরাট দরকার হয় ভরাট করণের সার্বিক সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপকার ভোগীদের তালিকা যেন স্বচ্ছভাবে হয় যারা প্রকৃত ভূমিহীন তাদের নাম যে তালিকাভূক্ত করা হয় এবং যে সব ইউনিয়নে ভূমিহীনদের তালিকা সংশোধন/অন্তর্ভূক্তি করণের প্রয়োজন সে সকল ইউনিয়নে দ্রুত উপজেলা টাস্কফোর্স কমিটির মাধ্যমে অনুমোদন পূর্বক জেলা টাস্কফোর্স | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কাবিটার মাটির কাজ ও পাকা কাজ দৃশ্যমান হওয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২। ইজিপিপি'র কাজ ৩১ অক্টোবর ২০২০ তারিখ থেকে শুরু করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৩। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে গৃহহীনদের জায়গা জদি ভরাট দরকার হয় তা হলে চলমান ৪০ দিনের কর্মসূচী দ্বারা জমি ভরাট করণের সিদ্ধান্ত গৃহীত হয়। উপকার ভোগীদের তালিকা যাতে সঠিক ভাবে হয় সে বিষয় সতর্ক থাকাসহ সার্বিক সহযোগীতা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। |

| | | |
|---|---|---|
| | কমিটির নিকট প্রেরণ করতে হবে এবং কাজের ক্ষেত্রে সকল ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগীতা প্রদানের অনুরোধ জানান।<br><br>উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী যাদের "জমি নাই ও ঘর নাই" তাদেরকে ঘর দেয়ার অঙ্গিকার করেছেন সে লক্ষে এ উপজেলায় ০৭ জন জন প্রতিনিধি প্রধানমন্ত্রীর এই মহান উদ্যেগের সাথে একত্ততা ঘোষনা করে গৃহ নির্মানের অঙ্গীকার করেছে। | <br><br>এ বিষয় আলোচনান্তে অঙ্গীকার প্রদানকৃত উপজেলা চেয়ারম্যান - ০১ টি, ভাইস চেয়ারম্যান-০১ টি, চেয়ারম্যন চরাদী ০১ টি, চেয়ারম্যান নলুয়া ০১ টি, চেয়ারম্যন ভরপাশা ০১ টি, চেয়ারম্যান রঙ্গশ্রী ০১ টি এবং চেয়ারম্যান নিয়ামতি ০১ টি করে ঘর অতি দ্রুত বাস্তবায়নের অনুরোধ জানান। |
| ১৩। জনস্বাস্থ্য উপ-প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ২৬ টি গভীর নলকুপ বরাদ্ধ পাওয়া গিয়াছে। ইউনিয়ন Watsan কমিটি স্থান নির্বাচন পূর্বক তালিকা প্রদান করবেন। বিগত অর্থ বছরে প্রতিটি ইউনিয়নের Watsan কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতি ইউনিয়নের তালিকা সভায় উপস্থাপন করা হলো। | এ বিষয় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন থেকে Watsan কমিটি কর্তৃক স্থান নির্বাচন পূর্বক তালিকা দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান এবং বিগত অর্থ বছরে প্রতিটি ইউনিয়নের Watsan কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতি ইউনিয়নের তালিকা সভায় সর্বসম্মত অনুমোদন করা হয়। |
| ১৪। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা বন কর্মকর্তা-কে ধন্যবাদ জানিয়ে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। |
| ১৫। খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | সভায় উপজেলা খাদ্য কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম আন্তরিকতার সাথে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয় |
| বিবিধ | ০১। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মুজিব স্মৃতি স্তম্ভ অতি দ্রুত করণ দরকার। উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের জায়গা চিহ্নিত না হওয়ায় স্মৃতি স্তম্ভের জায়গা নির্বাচন করা সম্ভব হয় নাই। এখন মুজিব বর্ষেও মধ্যে স্মৃতি স্তম্ভ নির্মাণ করতে হবে। সে লক্ষে দ্রুত জায়গা নির্বাচনের জন্য উপজেলা চেয়ারম্যান, উপজেলা প্রকৌশলী ও সকল চেয়ারম্যানদের অনুরোধ জানান।<br><br>০২। সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে ইউ জি ডি পি প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়নের জন্য নিয়মিত বরাদ্ধ ১০,০০০০/-(দশ লক্ষ) টাকা পাওয়া গেছে। এমতাবস্থায় সক্ষমতা উন্নয়ন প্রকল্পের তালিকা পি এম ইউ বরাবরে প্রেরণ করা দরকার । | ০১। এ বিষয় বিস্তারিত আলোচনান্তে স্মৃতি স্তম্ভের জন্য আগামী উপজেলা পরিষদ মাসিক সভার পূর্বে-ই জায়গা নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নে উল্লিখিত প্রকল্প প্রস্তাব গ্রহণের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পি এম ইউ তে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ক) মৎস্য আইন বিধিমাল ও অধ্যাদেশ বিষয়ক প্রশিক্ষণ। টাকা ১,৫০,০০০/-<br>(খ) নিরাপদ প্রসব সেবা নিশ্চিত করার লক্ষে গ্রাম্য দাই ও পরিবার কল্যান সহকারীদের দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ। টাকা ১,৫০,০০০/-<br>(গ) উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীদের মধ্যে ইনথি , ওয়েব পোটাল ও ইউনিকোড ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ। টাকা ১,০০০০০/-<br>(ঘ) শিক্ষায় আইটির ব্যবহার বিষয়ক শিক্ষক |

| | | |
|---|---|---|
| | | প্রশিক্ষণ । টাকা ১,৫০,০০০/-<br>(ঙ) করোনা সংক্রমন বিষয়ক সি এইস সি পি ও এইচ এ দের প্রশিক্ষণ। টাকা ১,২০,০০০/-<br>(চ) আধুনিক পদ্ধতিতে হাঁস মুরগী পালন চিকিৎস্যা ও বাজারজাত করণ বিষয়ক প্রশিক্ষণ। টাকা ১,৫০,০০০./-<br>(ছ) গ্রামীন গৃহিনী ও বেকার যুব মহিলাদের মধ্যে আধুনিক নকশী কাঁথা সেলাই প্রশিক্ষণ। টাকা ১,৮০,০০০/- |
| | ০৩। সভায় সভাপতি জানান যে, উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়ন কাজ এখনো শুরু করতে পারেনি। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের টাকা উন্নয়নে স্থানান্তর করার সময়সীমা ৩০ জুন থেকে বৃদ্ধি করে ৩০ সেপ্টেম্বর করা হয়েছে কোভিড-১৯ এর কারণে। যেহেতু বার্ষিক পরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন প্রতি তিন মাস পর পর স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হয়। তিনি আরও জানান যে, বাকেরগঞ্জ উপজেলার বার্ষিক পরিকল্পনার গত তিন মাসের (জুলাই, আগস্ট এবং সেপ্টেম্বর) অগ্রগতির উপর একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। পরে সভায় উপস্থিত সকলের কাছে ত্রৈমাসিক পরিবীক্ষন প্রতিবেদনটি পেশ করা হল। | ০৩। এ বিষয়ে আলোচনান্তে সভায় উপস্থিত সকলের সর্বসম্মতক্রমে উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনার বাস্তবায়নের প্রথম ত্রৈমাসিক পরিবীক্ষন প্রতিবেদন অনুমোদন করা হয়। |
| | ০৪। চেয়ারম্যান দুধল ইউনিয়ন পরিষদ জানান যে, দুধল আকন বাড়ী হতে আয়নাল সিকদার বাড়ীর কমিউনিটি ক্লিনিক হয়ে মোহম্মদ বজলু সিকদার বাড়ী পাইকার ব্রীজ পর্যন্ত বেরী বাধ নির্মান একান্ত প্রয়োজন। | ০৪। সভায় এ বিষয় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌলীকে সরোজমিনে পরিদর্শণ করে ভেড়ী বাধের প্রয়োজনীয়তা অনুধাবন পূর্বক যথযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো। |
| | ০৫। চেয়ারম্যান নলুয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অতিব জরুরী ভিত্তিতে জনগুরুত্বপূর্ণ স্থানে বিশেষ বিবেচনায় নিম্নে উল্লিখিত প্রকল্প ০৩ টি প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক বাস্তবায়ন করা দরকার।<br>০১। পশ্চিম নলুয়া সবুজের বাড়ী হতে ব্রীজ পর্যন্ত রাস্তা ইট সলিং করণ।<br>০২। চর গজালিয়া মোক্তর বাড়ীর উত্তর পাশ হইতে বারেক মল্লিকের বাড়ী পর্যন্ত ইট সলিং করণ।<br>০৩। চর গজালিয়া হাসেম হাং এর বাড়ী হতে আলকাস এর বাড়ী পর্যন্ত ইটের সলিং । | ০৫। এ বিষয় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত প্রকল্প সমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ০৬। মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, তার রুমে ফ্যান নষ্ট হয়ে যাওয়ায় জরুরী ভিত্তিতে একটি ফ্যান ক্রয় করে স্থাপন করা হয়েছে। ব্যয়কৃত টাকার পরিমান ৩২০০ টাকা সভায় অনুমোদিত হলে উক্ত টাকা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যায়। | ০৬। এ বিষয় আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় মিটানোর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় অন্য কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ শামসুল আলম)
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
বাকেরগঞ্জ, বরিশাল।
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

স্মারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.৮৩৬ তারিখ ঃ ০৮-১০ -২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, বরিশাল।
৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।
৭। উপজেলা................................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
৮। চেয়ারম্যান...........................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।
৯। অফিস কপি।

(মাধবা রায়)
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।